DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 22/B, Faruk Sarani, Nikunja-2
Dhaka-1229, Bangladesh
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

স্মারক নং-ডেসকো/এমডি/২০১৭/১১৫

তারিখ ২৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।
০৮ মার্চ, ২০১৭ইং।

সচিব
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (চতুর্থ তলা)
১ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিষয় ঃ বিদ্যুৎ এর খুচরা মূল্যহার বৃদ্ধির সংশোধনী প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং- ডেসকো/এমডি/২০১৫/৪৮৬; তারিখ ঃ ১৪ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর, ২০১৫ইং ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিল মাস সেপ্টেম্বর, ২০১৫ইং হতে বিদ্যুতের মূল্যহার পরিবর্তন করা হয়েছে। ডেসকো'র ক্ষেত্রে পাইকারী ক্রয়মূল্য ০.৪৫ টাকা/কি.ও.ঘ. এবং হুইলিং চার্জ ০.০৫ টাকা/কি.ও.ঘ. বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ সর্ব সাকুল্যে পাইকারী মূল্যহার ৮.৭৯% বৃদ্ধি করা হয়েছে। পক্ষান্তরে খুচরা মূল্যহার বৃদ্ধি করা হয়েছে ভারিত গড়ে মাত্র ২.৯৩%। বাল্ক ট্যারিফ এর আনুপাতিক হারে রিটেইল ট্যারিফ বৃদ্ধি না করায় প্রতিমাসে ডেসকো'র প্রায় ৮.১০ কোটি টাকা লোকসান হচ্ছে। এই অবস্থা চলতে থাকলে বিতরণ কোম্পানী হিসাবে ডেসকো লাভজনক প্রতিষ্ঠান হতে লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হবে এবং কোম্পানীর উন্নয়ন কাজ বাঁধাগ্রস্ত হবে। এমতাবস্থায় কোম্পানীর সার্বিক উন্নয়নের স্বার্থে বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধি একান্ত প্রয়োজন। এর প্রেক্ষিতে অত্র সংস্থার খুচরা মূল্যহার বৃদ্ধির একটি সংশোধনী প্রস্তাব পেশ করা হলো।

খুচরা মূল্যহার বৃদ্ধির প্রস্তাবনায় নিম্নোক্ত বিষয় সমূহ বিবেচনায় আনা হয়েছে ঃ

১॥ বাল্ক সাপ্লাই ট্যারিফ বৃদ্ধির আনুপাতিক হারে রিটেইল ট্যারিফ মূল্য বৃদ্ধি না পাওয়া;
২॥ ক্রম বর্ধমান লোড চাহিদার প্রেক্ষিতে বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন বিবেচনা;
৩॥ প্রস্তাবিত নতুন অর্গানোগ্রাম বাস্তবায়নে জনবল বৃদ্ধি এবং সরকার ঘোষিত নতুন পে-স্কেল বাস্তবায়নের সাথে ডেসকো'র প্রশাসনিক ব্যয় বৃদ্ধি;
৪॥ গ্রাহক সেবার মান উন্নয়নে দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা;
৫॥ অটোমোশন ও ডিজিটালাইজেশন সহ প্রি-পেইড মিটারের মতো বৃহৎ প্রকল্প গ্রহণ;
৬॥ ভৌত অবকাঠামোসহ প্রধান কার্যালয় নির্মাণ ও ভূমি ক্রয় এবং সাব-স্টেশন নেটওয়ার্ক নির্মাণে প্রকল্প গ্রহণ;
৭॥ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়নের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ;

এছাড়া পাইকারী ও খুচরা মূল্যহারের নিম্নোক্ত ২টি বিষয় বিবেচনার জন্য অনুরোধ জানানো যাচ্ছে ঃ

ক) বিউবো ও পিজিসিবি কর্তৃক ডেসকো'র অনুকূলে ১৩২ কেভি লেভেলে পাইকারী মূল্যহারে বিল ইস্যুর বিষয়ে অনুমোদন প্রদান;
খ) বিদ্যুতের মূল্যহার ও নিয়মাবলী (জুলাই, ১৯৮৯ হতে কার্যকর) এর ১০.৩.৩ ধারা অনুযায়ী মধ্যমচাপ বাল্ক আবাসিক গ্রাহক (১১ কেভি), গ্রাহক শ্রেণী-এফ যাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন প্রতিষ্ঠানের চত্বর, সেনানিবাস বা একই ধরনের বৃহৎ কমপ্লেক্স যেখানে একক পয়েন্ট মিটারিং পদ্ধতি রয়েছে, এমন গ্রাহকের ক্ষেত্রে বিইআরসি কর্তৃক অনুমোদিত বর্তমান বিলিং পদ্ধতি (F3) পরিবর্তন;

এমতাবস্থায়, উপরোক্ত বিষয় সমূহ বিবেচনা পূর্বক ডেসকো'র প্রস্তাবিত খুচরা মূল্যহার বৃদ্ধির বিষয়টি অনুমোদনের জন্য অনুরোধ করা হলো।

AD(Tariff)

ব্রিগেঃ জেনারেল মোঃ শাহিদ সারওয়ার, এনডিসি, পিএসসি (অবঃ)
ব্যবস্থাপনা পরিচালক
সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ডাইরী নং ১৩৭৮ তারিখ ১৪/৩/১৭
গ্রহণকারীর স্বাক্ষর
সদস্য (পেট্রোলিয়াম) সদস্য (গ্যাস)
সদস্য (প্রশাসন ও অর্থ) সদস্য (বিদ্যুৎ)
সচিব পরিচালক
পরিচালক (গ্যাস) পরিচালক (পেট্রোলিয়াম)
পরিচালক (বিদ্যুৎ) একান্ত সচিব
চেয়ারম্যান

অনুলিপি ঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। নির্বাহী পরিচালক (প্রশাসন/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশন/ সংগ্রহ/ অর্থ ও হিসাব), ডেসকো।

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

খুচরা বিদ্যুৎ মূল্যহার পরিবর্তনের সংশোধিত প্রস্তাব

(ক) আবেদনের পটভূমি ও সার-সংক্ষেপ ঃ

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) কোম্পানী আইন ১৯৯৪ এর আলোকে গঠিত একটি বিদ্যুৎ বিতরণ কোম্পানী, এবং ঢাকা শহরের উত্তরাংশে বিদ্যুৎ বিতরণের দায়িত্বে নিয়োজিত। ডেসকো ০৩ নভেম্বর ১৯৯৬ইং তারিখে পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে নিবন্ধিত হয় এবং ২৪ সেপ্টেম্বর ১৯৯৮ইং তারিখে বানিজ্যিক কার্যক্রম শুরু করে। দক্ষ ব্যবস্থাপনা ও কর্মকর্তা/ কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে ডেসকো'র পর্যায়ক্রমিক সাফল্যের ফলে মিরপুর, গুলশান, উত্তরা ও টংগী প্রভৃতি ভৌগলিক এলাকা ঢাকা ইলেকট্রিক সাপ্লাই অথরিটি (ডেসা) হতে ডেসকো'র নিকট ধাপে ধাপে হস্তান্তর ও অধিগ্রহণের মাধ্যমে পরিচালিত হচ্ছে। উত্তরা ৩য় পর্ব ও পূর্বাচলের মত নগরীর সম্প্রসারিত ও দ্রুত বর্ধনশীল অংশ ডেসকো'র অন্তর্ভুক্ত হওয়ায় বিদ্যুতের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। ডেসকোর ভৌগলিক এলাকায় বিগত ৪ বছরের Growth Trend বিশ্লেষণ করে দেখা যায় Consumer Growth ১০.৮২% এবং Demand Growth ৭.৮৯%। এই বিরাট জনগোষ্ঠির জন্য বিদ্যুতের অবকাঠামো তৈরি ও আধুনিক মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা ডেসকোর জন্য একটি বড় চ্যালেঞ্জ। বর্তমানে ডেসকো'র গ্রাহক সংখ্যা প্রায় ৮ (আট) লক্ষ এবং বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ৯৪৭মেগাওয়াট।

উল্লেখ করা যাচ্ছে যে, বর্তমান গ্রাহক সংখ্যা ও তার বিপরীতে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি হারে আগামী ২০২১, ২০২৫ ও ২০৩০ সালে সম্ভাব্য গ্রাহক সংখ্যা ও তার বিপরীতে বিদ্যুতের চাহিদা নিম্নের ছকে উপস্থাপন করা হলো ঃ

ক্রমিক নং	বছর	গ্রাহক সংখ্যা (জন)	বিদ্যুতের চাহিদা (মে:ও:)	উপকেন্দ্রের ক্ষমতা (এমভিএ)
১	২০২১	১০,৫০,০০০	১৯১০	৪১২০/৫৮৮৮
২	২০২৫	১৮,০০,০০০	৩২৮০	৪৯২০/৬৮৮৮
৩	২০৩০	২৮,০০,০০০	৪৫৫০	৬৮৭০/৯৬১৮

অর্থাৎ ২০৩০ সাল নাগাদ গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাবে প্রায় ৪ (চার) গুণ এবং বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাবে প্রায় ৬ (ছয়) গুণ। বিপুল চাহিদা পূরণের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ ও বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের জন্য দুইটি প্রকল্প ইতোমধ্যেই বাস্তবায়নাধীন আছে। (I) Construction of 132/33/11 KV Grid Sub-station in DESCO Area: ৫ (পাঁচ) টি নতুন ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ ও ২ (দুই) টি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি (II) Augmentation and Rehabilitation of Distribution System in DESCO Area: ১০ (দশ)টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি, ১৪ (চৌদ্দ)টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ ও ৫০০কি:মি: বিতরণ লাইন সম্প্রসারণ। ইহা ছাড়াও আরও ৪টি প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে।

২০৩০ সালের লক্ষ্যমাত্রার সঠিক বাস্তবায়নের জন্য আরো ৯ টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। পাশাপাশি ৭,৬০,০০০টি প্রি-পেইড মিটার স্থাপন, ৮৫ কি.মি. ওভারহেড ৩৩ কেভি লাইনকে ভূ-গর্ভস্থ লাইনে রুপান্তরের প্রকল্প গ্রহণ করা হয়েছে। দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় নতুন ৪৯টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ, ৮টি বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি, নতুন ৬টি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ, বিদ্যমান ৫টি গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির প্রস্তাব মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত রয়েছে। যা বাস্তবায়নের জন্য ধারাবাহিক কার্যক্রম চলমান রাখা অত্যন্ত জরুরী। ক্রমবর্ধমান চাহিদা পূরণে সক্ষমতা অর্জন, বিতরণ ব্যবস্থা আধুনিকায়ন ও গ্রাহকসেবার মানোন্নয়নে উল্লেখিত কার্যক্রম/প্রকল্প সমূহের সফল বাস্তবায়ন ডেসকো'র জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রকল্পসমূহের আর্থিক সংশ্লেষ বিপুল।

কিন্তু পর্যায়ক্রমে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বিদ্যুতের পাইকারী মূল্য Bulk Supply Tariff (BST) বৃদ্ধি এবং বেতন ভাতা, পরিচালনা ব্যয়, বৈদ্যুতিক মালামাল ও সরঞ্জামাদির মূল্য বৃদ্ধি এবং সর্বোপরি মুদ্রাস্ফীতি প্রভৃতি কারণে ডেসকো ধাপে ধাপে আর্থিক সক্ষমতা হারাচ্ছে। এরূপ অবস্থা বিবেচনায় ডেসকোকে লোকসানের হাত থেকে রক্ষার জন্য বাস্তবতার নিরিখে খুচরা বিদ্যুতের মূল্যহার বৃদ্ধি করা ছাড়া গতান্তর নাই। এমতাবস্থায়, ডেসকোর সার্বিক কার্যক্রম সুষ্ঠ ও সুচারুরূপে পরিচালনা করার মাধ্যমে এর অগ্রযাত্রা অব্যাহত রাখার স্বার্থে এবং উন্নততর গ্রাহক সেবা নিশ্চিতকল্পে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে, যদি পাইকারী (বাল্ক) আমদানী মূল্যহার অপরিবর্তিত রাখা হয়, তাহলে বর্তমানে ক্রয়কৃত বিদ্যুতের মূল্যহারের সাথে সামঞ্জস্য বজায় রেখে গ্রাহক পর্যায়ে ডেসকোর খুচরা মূল্যহার ভারিত গড়ে ৬.৩৪% হারে বৃদ্ধি করার প্রস্তাব উপস্থাপন করা হলো।

(খ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাবের যৌক্তিকতা ঃ

আবেদনের সার-সংক্ষেপে নিম্নের বিষয়গুলোর উপর (১) বাল্ক সাপ্লাই ট্যারিফ (বিএসটি) বৃদ্ধি (২) প্রশাসনিক ব্যয় বৃদ্ধি (৩) পরিচালনা ব্যয় বৃদ্ধি (৪) অটোমেশন ও ডিজিটাইজেশন কার্যক্রম (৫) বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারনমূলক প্রকল্প গ্রহণ (৬) ভৌত অবকাঠামোসহ প্রধান কার্যালয় নির্মাণ ও ভূমি ক্রয় (৭) বৈদেশিক মুদ্রার বিনিময় হার হ্রাস/বৃদ্ধি (৮) বিদ্যুৎ বিতরণ সিস্টেম (৯) গ্রাহকসেবার মান উন্নয়ন এবং (১০) সিস্টেম লস হ্রাসকরণ প্রভৃতির বিশ্লেষন মূলক তথ্য তুলে ধরা হয়েছে।

(১) বাল্ক সাপ্লাই ট্যারিফ (বিএসটি) বৃদ্ধি ঃ

Date of tariff revision	% of Bulk Supply tariff (BST) increase	% of Retail Supply tariff (RST) increase
01.03.2007	11.33%	5.00%
01.10.2008	13.16%	-
01.03.2010	-	6.29%
01.02.2011	13.79%	5.00%
01.08.2011	6.67%	-
01.12.2011	21.46%	14.16%
01.02.2012	17.75%	7.44%
01.03.2012	7.66%	6.25%
01.09.2012	18.27%	14.36%
01.03.2014	-	7.34%
01.09.2015	8.79%	2.93%
Overall Increase	**202.94%**	**90.60%**

বর্নিত ছকের আলোকে দেখা যায় যে, মার্চ ২০০৭ সাল হতে সেপ্টেম্বর-২০১৫ সাল পর্যন্ত বাল্ক ট্যারিফের (BST) 202.94% বৃদ্ধির বিপরীতে ডেসকো'র খুচরা বিক্রয় (RST) 90.60% বৃদ্ধি পেয়েছে। ফলে কোম্পানীর আর্থিক সক্ষমতা হ্রাস পেয়েছে। সর্বশেষ গত ০১/০৯/২০১৫ইং তারিখের বিদ্যুৎ এর খুচরা মূল্য বৃদ্ধির আদেশে আবাসিক গ্রাহকদের ক্ষেত্রে ৬টি ধাপ রয়েছে, যার মধ্যে লাইফলাইন সুবিধাসহ প্রথম ধাপ হতে চতুর্থ ধাপ অর্থাৎ ৪০০ ইউনিট পর্যন্ত বিদ্যুতের ক্রয় মূল্যের চেয়ে কম মূল্যে বিক্রয় করা হচ্ছে। উল্লেখ্য যে, মোট গ্রাহকের বিদ্যুৎ ব্যবহারের মধ্যে উক্ত ধাপসমূহের গ্রাহকদের ব্যবহার প্রায় ৩৮.২৯% **অর্থাৎ মোট ব্যবহারের প্রায় ৩৮.২৯% বিদ্যুৎ ক্রয় মূল্য থেকে ইউনিট প্রতি ০.৯১ টাকা হারে লস হচ্ছে** যার একটি চিত্র নিম্নে দেওয়া হলো:

Slab unit (Kwh)	Existing Tariff from Sept-15 (Tk./Kwh)	% of total use	% of total consumption	BST+ Wheeling charge (Tk.)	Avarage Sales Rate for 1st - 4th Slab (Tk.)	Loss (Tk.)
Life Line (upto 50)	3.33	0.22	38.29%	6.13	5.22	0.91
0 - 75 Kwh	3.80	11.68				
76 - 200 Kwh	5.14	15.25				
201 - 300 Kwh	5.36	6.93				
301 - 400 Kwh	5.63	4.21				

(২) প্রশাসনিক ব্যয় বৃদ্ধি ঃ

২.১) জনবল কাঠামো এবং অর্গানোগ্রাম বাস্তবায়ন ঃ

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো), ঢাকা শহরের উত্তরাংশে বিদ্যুৎ বিতরণের দায়িত্বে নিয়োজিত। উত্তরা ৩য় পর্ব ও পূর্বাচলের মত নগরীর সম্প্রসারিত ও দ্রুত বর্ধনশীল অংশ ডেসকো'র অন্তর্ভুক্ত হওয়ায় বিদ্যুতের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। ডেসকোর ভৌগলিক এলাকায় বিগত ৪ বছরের Growth Trend বিশ্লেষণ করে দেখা যায় Consumer Growth ১০.৮২% এবং Demand Growth ৭.৮৯%। এই বিরাট জনগোষ্ঠির জন্য বিদ্যুতের অবকাঠামো তৈরি ও আধুনিক মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা ডেসকোর জন্য একটি বড় চ্যালেঞ্জ। বর্তমানে ডেসকো'র প্রতি ৫২৬ জন গ্রাহকের বিপরীতে একজন Employee নিয়োজিত রয়েছেন।

২০৩০ সাল নাগাদ গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাবে প্রায় ৪ (চার) গুণ এবং বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাবে প্রায় ৬ (ছয়) গুণ। ২০৩০ সালের লক্ষ্যমাত্রার সঠিক বাস্তবায়নের জন্য আরো ৯ টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। এগুলোর সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অর্গানোগ্রাম-২০১৭ তে ডেভেলপমেন্ট ও প্রজেক্ট দপ্তরের লোকবল বেশি রাখা হয়েছে।

পাশাপাশি ৭,৬০,০০০টি প্রি-পেইড মিটার স্থাপন, ৮৫ কি.মি. ওভারহেড ৩৩ কেভি লাইনকে ভূ-গর্ভস্থ লাইনে রুপান্তরের প্রকল্প গ্রহণ করা হয়েছে। দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় নতুন ৪৯টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ, ৮টি বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি, নতুন ৬টি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ, বিদ্যমান ৫টি গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির প্রস্তাব মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত রয়েছে। যা বাস্তবায়নের জন্য ধারাবাহিক কার্যক্রম চলমান রাখা অত্যন্ত জরুরী। ক্রমবর্ধমান চাহিদা পূরণে সক্ষমতা অর্জন, বিতরণ ব্যবস্থা আধুনিকায়ন ও গ্রাহকসেবার মানোন্নয়নে উল্লেখিত কার্যক্রম/প্রকল্প সমূহের সফল বাস্তবায়ন ডেসকো'র জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্পসমূহের আর্থিক সংশ্লেষ বিপুল। প্রকল্পের গুরুত্ব ও বিপুল ব্যয়ে অপচয় পরিহার ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরনের জন্য প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিটি ধাপ নিবিড় তত্ত্বাবধানে থাকা প্রয়োজন।

গ্রাহক সেবার মান উন্নয়ন, বৈদ্যুতিক অবকাঠামো ও বিতরণ ব্যবস্থা নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ, কারিগরি প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, এতদসংক্রান্ত প্রয়োজনীয় কর্মপদ্ধতি ও নীতিমালা প্রণয়ন এবং সংশ্লিষ্ট জনবলকে পরিচালনা ও নেতৃত্ব দানের জন্য ডেসকোর ১৬ টি বিক্রয় ও বিতরণ বিভাগ বৃদ্ধি করে ২৪ টি বিক্রয় ও বিতরণ বিভাগ এবং বর্তমান অর্গানোগ্রামের ডেসকো'র নিয়মিত লোকবল ১৬৮০ থেকে বৃদ্ধি করে প্রায় ৩,০০০জন রাখা হয়েছে এবং আউটসোর্স লোকবল ১,৬৮৬ জন থেকে বৃদ্ধি করে ২,৫১১ জন ধরা হয়েছে।

২.২) বেতন ও ভাতাদি খাতে ব্যয় বৃদ্ধি ঃ

ডেসকো'র গ্রাহক সংখ্যা এবং ভৌগলিক এলাকা বৃদ্ধি পাওয়ায় উন্নততর গ্রাহক সেবা প্রদানের স্বার্থে নতুন জনবল নিয়োগ প্রয়োজন হবে। সে লক্ষ্যে বর্তমান অর্গানোগ্রাম সংশোধন পূর্বক নতুন অর্গানোগ্রাম প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে। এতে দেখা যায়, বর্তমান অর্গানোগ্রামে জনবলের সংখ্যা ১,৬৮০ জন হতে বৃদ্ধি করে নতুন অর্গানোগ্রামে জনবলের সংখ্যা হয় ৩,০০০ জন রাখা হয়েছে। অপরদিকে সরকার কর্তৃক নতুন পে-স্কেল ঘোষণার প্রেক্ষিতে ডেসকো'র নতুন পে-স্কেল-২০১৬ বাস্তবায়ন করা হয়েছে। নুতন পে-স্কেল এবং প্রস্তাবিত অর্গানোগ্রামের আলোকে বেতন ও ভাতাদি খাতে বৎসরে প্রায় ২২০ কোটি টাকা ব্যয় হবে। এতে দেখা যায় যে, এ খাতে বর্তমান ব্যয় হতে (২২০-১৫৮) = ৬২কোটি টাকা ব্যয় বৃদ্ধি পাবে।

(৩) পরিচালনা ব্যয় বৃদ্ধি ঃ

আউট সোর্সিং একটিভিটি হিসাবে লাইন ইকুইপমেন্ট মেইনটেন্যান্স (LEM), মেইনটেন্যান্স অব সাবস্টেশন (MSS) এবং কমার্শিয়াল অপারেশন সাপোর্ট সার্ভিস (COSS) কার্যক্রমে চুক্তি মূল্য ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

(৪) অটোমেশন ও ডিজিটাইজেশন কার্যক্রম ঃ

গ্রাহকসেবার মান যুগোপযোগী করার লক্ষ্যে গ্রাহক পর্যায়ে রিমোট কন্ট্রোল মিটারিং ও প্রি-প্রেইড মিটারিং সিস্টেম সম্প্রসারনের জন্য ডেসকো গ্রাহক পর্যায়ে রিমোট কন্ট্রোল মিটার এবং প্রি-প্রেইড মিটার স্থাপনের কার্য্যক্রম গ্রহন করেছে। বর্তমানে মিরপুর এলাকায় ৪৫০টি রিমোট কন্ট্রোল মিটার স্থাপন করা হয়েছে এবং উত্তরা ও বারিধারা বিভাগ ইতিমধ্যে ৪৩,৫৭৬ প্রি-প্রেইড মিটার স্থাপন করা হয়েছে। এছাড়া ২০১৮ সালের মধ্যে এডিবি এর অর্থায়নে ১,০০,০০০টি এবং নিজস্ব অর্থায়নে ২,০০,০০০টি প্রি-পেইড মিটার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য প্রি-পেইড গ্রাহকদের খুচরা মূল্যের উপর ২% রিবেট প্রদান করা হচ্ছে। এই সকল আধুনিক প্রযুক্তি নির্ভর মিটারিং সিস্টেমের মিটার, অবকাঠামো পরিচালন ব্যয় সাধারণ মিটার অপেক্ষা বেশী, গ্রাহক সেবার মান আধুনিকীকরণের লক্ষ্যে ডেসকো এই অতিরিক্ত ব্যয় বহন করছে, যা প্রস্তাবিত মূল্যহার প্রণয়নের ক্ষেত্রে বিবেচনা করা হচ্ছে।

(৫) বর্তমান বিতরণ ব্যবস্থার অপ্রতুলতা থাকিলে তাহা দূরীকরণের জন্য গৃহীত ব্যবস্থা ঃ

বর্তমান গ্রাহক সংখ্যা ও তার বিপরীতে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি হারে আগামী ২০২১, ২০২৫ ও ২০৩০ সালে সম্ভাব্য গ্রাহক সংখ্যা ও তার বিপরীতে বিদ্যুতের চাহিদা নিম্নের ছকে উপস্থাপন করা হলো ঃ

ক্রমিক নং	বছর	গ্রাহক সংখ্যা (জন)	বিদ্যুতের চাহিদা (মে:ও:)	উপকেন্দ্রের ক্ষমতা (এমভিএ)
১	২০২১	১০,৫০,০০০	১৯১০	৪১২০/৫৮৮৮
২	২০২৫	১৮,০০,০০০	৩২৮০	৪৯২০/৬৮৮৮
৩	২০৩০	২৮,০০,০০০	৪৫৫০	৬৮৭০/৯৬১৮

ডেসকো'র বর্তমান বিতরণ ব্যবস্থা অপ্রতুল নয়। তবে ০২টি গ্রীড উপকেন্দ্র (বসুন্ধরা ও উত্তরা) এবং টঙ্গী এলাকার

০৩ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র Saturated অবস্থায় আছে। বর্ণিত সমস্যা সমাধান ও ভিশন ২০২০-২১ অর্জনের লক্ষ্যে ডেসকো বিভিন্ন প্রকল্প ইতোমধ্যে গ্রহণ করছে ঃ

- Augmentation and Rehabilitation of Distribution System in DESCO Area এর আওতায়
  ১. ৭০ সার্কিট কিঃমিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ
  ২. ২০০ সার্কিট কিঃমিঃ আন্ডার গ্রাউন্ড ১১ কেভি লাইন নির্মাণ
  ৩. ১১ কেভি, ১১/.৪ কেভি ও .৪ কেভি ওভারহেড লাইন
  ৪. ১১/০.৪ কেভি বিতরণ ট্রান্সফরমার উত্তোলন
  ৫. ১৪ টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ
  ৬. Augmentation and Rehabilitation এর মাধ্যমে ১০ টি ৩৩/১১ কেভি নির্মাণ
- ০৫ টি নতুন ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্র ও ২৫সার্কিট কিঃমিঃ ১৩২ কেভি লাইন নির্মাণ
- বসুন্ধরা ও উত্তরা ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্র এর ক্ষমতা বৃদ্ধিকরণ
- গুলশান এলাকায় 132/33/11 kV Compact Underground Substation নির্মাণ
- ওভারহেড লাইনসমুহ পর্যায়ক্রমে মাটির নীচে (আন্ডার গ্রাউন্ড) স্থাপন
- Supervisory Control and Data Acquisition (SCADA) System স্থাপন
- ৫০০কি:মি: বিতরণ লাইন সম্প্রসারণ

২০৩০ সালের লক্ষ্যমাত্রার সঠিক বাস্তবায়নের জন্য আরো ৯ টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। পাশাপাশি ৭,৬০,০০০টি প্রি-পেইড মিটার স্থাপন, ৮৫ কি.মি. ওভারহেড ৩৩ কেভি লাইনকে ভূ-গর্ভস্থ লাইনে রুপান্তরের প্রকল্প গ্রহণ করা হয়েছে। দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় নতুন ৪৯টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ, ৮টি বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি, নতুন ৬টি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ, বিদ্যমান ৫টি গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির প্রস্তাব মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত রয়েছে। যা বাস্তবায়নের জন্য ধারাবাহিক কার্যক্রম চলমান রাখা অত্যন্ত জরুরী। ক্রমবর্ধমান চাহিদা পূরণে সক্ষমতা অর্জন, বিতরণ ব্যবস্থা আধুনিকায়ন ও গ্রাহকসেবার মানোন্নয়নে উল্লেখিত কার্যক্রম/প্রকল্প সমূহের সফল বাস্তবায়ন ডেসকো'র জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রকল্পসমূহের আর্থিক সংশ্লেষ বিপুল। এর মধ্যে যে সকল প্রকল্প বিদ্যমান রয়েছে এবং হাতে নেয়া হয়েছে যার তথ্য নিম্নরূপঃ

1) DESCO's own funded project:

Sl. No.	Project Name	Total Project Cost (In crore)	Progress
01	Designe Supply and Installation of 33kv Substation Design, Supply, Installation and Augmentation of 33/11kV, 2 x 20/28 MVA Substation on Turnkey basis under Development Works - 8 Substations	157.50	96% (Work Completed)
02	Design, Supply, Installation and Augmentation of 4 nos. 33/11kV, 20/28 MVA Substation on Turnkey basis under Development Works	68.31	25% (Work Completed)
03	Supply of 1, 00,000 nos. Smart Card based Pre-paid Meters & related services using DESCO's existing Parts & Components.	80.33	50% (Work Completed)
04	Design, Supply, Installation, testing and Commissioning of 10,000 nos. Pre-payment Metering System under unified pre-payment metering system	8.00	98% (Work Completed)
05	Construction of 33 KV, 11KV, 0.4KV Overhead and Underground Line at DESCO's area.	35.00	10% (Work Completed)
Total		**349.14**	-

2) **Foreign Aided Project:**

Sl. No.	Project Name	GOB Loan (In crore)	Foreign Loan (In crore)	DESCO Own Portion (In crore)	Total Project Cost (In crore)	Project Progress
01	Augmentation and Rehabilitation of Distribution System in DESCO Area **Major items included in this Project:** (a) Procurement and Installation of 70 Ckt KM of 33KV and 200 Ckt KM of 11KV U/G Cable; (b) Construction of 11KV, 11/0.4KV and 0.4KV lines and 11/0.4 KV distribution substations; (c) Supply, Installation & commissioning 14 nos. of new 33/11KV Sub-Stations Augmentation and Rehabilitation of 10 nos. 33/11KV Sub-Stations on turnkey basis; (d) Procurement of Pole, Pole fittings & Line hardware, Conductor, Conductor Accessories, Insulator, Protective equipment, Capacitor Bank, RMU etc. (e) Procurement of pre-paid meters (1, 00,000 nos.)	342.98	1106.40	539.76	1989.16	36.33% (Physical Progress)
02	Supply, Installation, Testing, Commissioning of 05 Nos. 132/33/11kV Grid Substation on turnkey basis in DESCO Area	160.47	543.54	242.12	946.13	9.75% (Physical Progress)
03	Design, Supply, Installation and commissioning of 5, 65,850 Nos Pre-paid Metering Project on Turnkey Basis in DESCO area.	142.48	503.05	157.70	801.22	DPP sent to Power Division
04	Design, Supply & Installation of SCADA System in DESCO Area	27.99	99.17	26.11	153.26	Tender evaluation for international consultant is going on.
05	Installation, Upgradation and coversion of Existing 33KV Overhead lines into underground cables in DESCO areaa	110.32	358.55	99.92	568.80	Tender is invited and submission in April 20174
06	Augmentation and rehabilitation of 132/33/11 KV Grid Substations at Uttara and Bashundhara	51.54	158.13	41.67	2501.35	
Total		**835.78**	**2768.84**	**1107.28**	**4709.92**	

উপরোক্ত প্রকল্প ব্যয় বাবদ মোট ৫০৫৯.০৬ কোটি টাকা প্রয়োজন হবে। উক্ত ব্যয় এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক এবং ডেসকো'র নিজস্ব অর্থায়নে সম্পন্ন হবে। এছাড়াও ডেসকো'র নিজস্ব অর্থায়নে Goods, Works and Service খাতে ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনায় ৭৯৪.৫০ কোটি টাকা প্রয়োজন হবে । এই সকল কার্যক্রম/প্রকল্প সমূহের সফল বাস্তবায়নের প্রয়োজনীয় অর্থ প্রস্তাবিত Impact on no profit no loss পদ্ধতিতে ট্যারিফ প্রণয়নে বিবেচনা করা সম্ভব নয়।

(৬) ভৌত অবকাঠামো নির্মাণ ও ভূমি ক্রয় ঃ

ডেসার নিকট হতে ১৯৯৮ইং, ২০০৩ইং ও ২০০৭ইং সালে যথাক্রমে বৃহত্তর মিরপুর এলাকা, গুলশান সার্কেল ও টঙ্গী এলাকা ডেসকো কর্তৃক অধিগ্রহণ করা হয়েছে। এই সময়ে মিরপুর ষ্টোর, বিদ্যুৎ উপকেন্দ্রসহ সমুদয় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিদ্যুৎ উপকেন্দ্র এলাকায় স্থাপিত ভবন ব্যতীত অন্যান্য স্থাপনা ডেসকোর নিকট এখনও হস্তান্তর করা হয়নি। ফলে ডেসকোর প্রধান কার্যালয়সহ অন্যান্য কার্যালয় ভাড়া করা ভবনে পরিচালনা করতে হচ্ছে বিধায় বাড়ী ভাড়া

বাবদ অতিরিক্ত অর্থ ব্যয় হচ্ছে। এ হিসাবে ২০২১ সাল নাগাদ ১,৯১০ মেঃ ওঃ চাহিদা মোকাবেলা করার জন্য যে, পরিমাণ উপকেন্দ্রের অবকাঠামো নির্মাণ করতে হবে তার জন্য ভূমি ক্রয় বাবদ প্রচুর পরিমাণ অর্থ ব্যয় করতে হবে। তাছাড়া ডেসকো'র প্রধান কার্যালয় নির্মাণের জন্য রাজউক ২(দুই) বিঘা জায়গা বরাদ্ধ দিয়েছে উক্ত জায়গার উপর ডেসকো'র জন্য প্রধান কার্যালয় নির্মাণ করা হবে তার জন্য প্রয়োজন হবে প্রায় ১২৫কোটি টাকা। এই সকল অবকাঠামো নির্মাণ ব্যয়ের অর্থ প্রস্তাবিত Impact on no profit no loss পদ্ধতিতে ট্যারিফ প্রণয়নে বিবেচনা করা সম্ভব নয়।

(৭) বৈদেশিক মুদ্রার বিনিময় হার হ্রাস/ বৃদ্ধি ঃ

এশিয়া উন্নয়ন ব্যাংক (এ.ডি.বি) এর আর্থিক সহযোগীতায় ডেসকোতে বর্তমানে দুইটি Project চলমান। একটি হল Augmentation and Rehabilitation of Distribution System in DESCO Area এবং অপরটি হল Construction of 132/33 kV Grid Sub-Station in DESCO Area। ইতিমধ্যে অন্য দুইটি i) Strengthen DESCO'S Electric Distribution Network (SDEDN) এবং ii) Upgrading and Expanding Distribution System in Gulshan Circle (UEDSGC) প্রজেক্ট দুটি এশিয়ান উন্নয়ন ব্যাংকের সহায়তায় বাস্তবায়ন করা হয়েছে। জুন/১৬ইং পর্যন্ত এডিবি হতে লোন এর পরিমাণ দাড়ায় ১২.০৮ কোটি ইউএস ডলার। উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থ বৎসরে বৈদেশিক মুদ্রার বিনিময় বাবদ "এক্সচেঞ্জ গেইন" ১.৬১ কোটি টাকা হলেও ফেব্রুয়ারি/১৭ইং পর্যন্ত ডলারের বিপরীতে টাকার মূল্য হ্রাস পাওয়ায় ২০১৬-২০১৭ অর্থ বছরে এই খাতে "এক্সচেঞ্জ লস" বাবদ ১৮ কোটি টাকা বিবেচনা করা হয়েছে।

(৮) বিদ্যুৎ বিতরণ সিস্টেম ঃ

১৯৯৮ ইং সালে ডেসার নিকট হতে অধিগ্রহণের সময় ডেসকো'র বিতরণ ব্যবস্থা ছিল নন-স্টান্ডার্ড, ট্রান্সফরমারের ফিউজ ছিল না, মিটার Seal বাইপাস, গ্রাহক সময়মত বিদ্যুৎ বিল পেত না, মিটার রিডিং সঠিকভাবে রিডিং বইয়ে এন্ট্রি হত না, চেক মিটারের ব্যবস্থা ছিল না, সার্বিক অর্থে গ্রাহক সেবার মান ছিল অসন্তোষজনক। এই সকল অব্যবস্থাপনা ও নন-স্টান্ডার্ড বিতরণ সিস্টেমের উন্নতিকরণ সহ ব্যাপক কার্যক্রম সম্পাদন করা হয়েছে। সার্বিকভাবে ডেসকো'র বর্তমানের বিতরণ সিস্টেম উন্নয়নের তুলনামূলক চিত্র তুলে ধরা হলো।

বিবরণ	অধিগ্রহণের সময়	বর্তমান
গ্রীড উপকেন্দ্র (১৩২/৩৩ কেভি)	-	০২ টি
উপকেন্দ্র (৩৩/১১ কেভি)	০৫ টি	৩৪ টি
সুইচিং উপকেন্দ্র (১১ কেভি)	০৪ টি	১৮ টি
সোর্স লাইন (৩৩ কেভি)	৪৫ কিমি	৪৭৬.৯৯ কিমি
বিতরণ লাইন (১১ কেভি)	১৮০ কিমি	১৮০৪.৪৮ কিমি
(১১ কেভি) ফিডার	৩৩ টি	৩২৪ টি
বিতরণ ট্রান্সফরমার	৯১৭ টি	৬৩১৫ টি
প্রিপেইড মিটারিং	-	৪৩৫৭৬ টি
চাহিদা (লোড)	৯০ মেগাওয়াট	৮৪৫ মেগাওয়াট
গ্রাহক সংখ্যা	৭১১৬১ জন	৭,১৯,২৩৩ জন
বিক্রয় ও বিতরণ বিভাগ/ অফিস	২ টি	১৬ টি

(৯) গ্রাহক সেবার মান উন্নয়ন ঃ

গ্রাহক সেবার মান উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক মানদন্ড SAIDI, SAIFI এবং সিস্টেম পাওয়ার ফ্যাক্টর ইত্যাদি অনুসরণ করা হয়। অধিগ্রহণ সময়ে গ্রাহক সেবার মান SAIDI, SAIFI হিসেবে একেবারেই গ্রহণযোগ্য পর্যায়ে ছিল না। গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে ডেসকো যে সকল কাজ করেছে এবং করে যাচ্ছে তার কিছু নিম্নে উল্লেখ করা হল ঃ

- নন-স্টান্ডার্ড লাইনকে স্টান্ডার্ড করণ
- বিতরন ট্রান্সফর্মার এর নেকেড ফিউজ পরিবর্তন করে ড্রপ আউট ফিউজের মাধ্যমে ইন্টারাপশন কমানো
- ওভারলোড বিতরন ট্রান্সফর্মার এর লোড স্প্লীট করে লো-ভোল্টেজ সমস্যা দূরীকরণ

- ২০০৪ ইং সালের পর হতে সকল কমপ্লেইনসমূহকে কমপ্লেইন ম্যানেজমেন্ট সফট্ওয়্যারের মাধ্যমে ডাটা বেজ করন এবং এই সফট্ওয়্যারের মাধ্যমে মনিটরিং করে বর্তমানে ৭০% কমপ্লেইন ৩০ মিনিটে এবং অবশিষ্ট ৩০% কমপ্লেইন প্রায় ৬০ মিনিটে সমাধান করা সম্ভব হচ্ছে।
- সকল মিটার সমূহ সিলিং এর আওতাভুক্ত করন এবং মিটারের পূর্বে স্থাপনকৃত সকল কাট আউট সমূহ অপসারন করে মিটারের পরে স্থাপন করা হয়েছে। ইহাতে মিটার বাইপাস করে বিদ্যুৎ চুরির সুযোগ অনেকাংশে হ্রাস পেয়েছে। ফলে গ্রাহকদের মোট চাহিদা হ্রাস পাওয়ায় বিদ্যুতের ঘাটতি হ্রাস পেয়েছে।
- ডেসার সময়ের সকল সার্ভিসড্রপের লাইনের সাথে টুইষ্টিং অপসারন করে কানেকটরের মাধ্যমে সংযোগ প্রদান করা হয়। যার ফলে লুজ সংযোগ জনিত গ্রাহক অভিযোগ অনেকাংশে হ্রাস পেয়েছে।
- বর্তমান সরকারের ডিজিটাল কর্মসূচীর আওতায় অন লাইনের মাধ্যমে ডেসকোতে গ্রাহকের **বিল প্রদান করতে পারছে, যার কারনে ডেসকো ডিজিটাল ইনোভেশন এ্যাওয়ার্ড-এ পুরস্কৃত হয়েছে।** বর্তমানে গ্রাহক অন লাইনের মাধ্যমে বিদ্যুৎ গ্রহনের সুযোগ পাচ্ছে। ফলে ব্যাংকে দীর্ঘ লাইনে দাড়িয়ে বিল পরিশোধের কষ্ট লাঘব হয়েছে।
- তাছাড়া ডেসকোতে প্রি-পেইড/রিমোট মিটারিং কার্যক্রম চলমান রয়েছে। এর ফলে বিল বকেয়ার জনিত কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন সমস্যা হ্রাস পেয়েছে। এছাড়া ভুল বিলের প্রবনতাও হ্রাস পেয়েছে।
- গ্রাহকসেবা কেন্দ্রে বাণিজ্যিক কার্যক্রম সহ অন্যান্য অভিযোগ তাৎক্ষণিকভাবে সমাধান করা হয়ে থাকে।

(১০) সিস্টেম লস হ্রাসকরণঃ

দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা, বিতরন সিস্টেম আধুনিকায়ন, অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধ করণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমেডেসকোর সিস্টেম লস পর্যায়ক্রমে হ্রাস পাচ্ছে। সিস্টেম লস হ্রাসের লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম চলমান রয়েছে ঃ

i) টেকনিক্যাল লস ঃ

* ডিষ্ট্রিবিউশন ব্যবস্থা আধুনিকায়ন ও যুগোপযোগী করা (আন্ডারগ্রাউন্ড ক্যাবলসহ)
* বিতরণ ট্রান্সফরমার সমূহের লোড ব্যালান্সিং করা
* অতিভারে চালিত বিতরণ ট্রান্সফরমার সমূহের লোড ভারমুক্ত করা
* সকল বিতরণ ট্রান্সফরমারের এইচ.টি/এল.টি লুপ মানসম্পন্ন করাসহ ট্রান্সফরমারের সংযোগ স্টান্ডার্ড করা
* ওভারহেড এইচ.টি/এল.টি লাইন সংলগ্ন গাছ-পালা কাটা
* ওভারহেড ১১ কেভি ফিডারসমূহকে বিভাজন করে লোড হ্রাসের ব্যবস্থা করা
* অতি দীর্ঘ বিতরণ লাইন সমূহের দৈর্ঘ্য হ্রাস করা
* সকল পুরাতন এনালগ মিটার প্রতিস্থাপন করে মানসম্পন্ন ডিজিটাল মিটার স্থাপন করা
* আর.এম.ইউ. স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন।

ii) নন-টেকনিক্যাল লস ঃ

* পরিদর্শক দল কর্তৃক নিয়মিত বিভিন্ন এলাকায় আকস্মিক পরিদর্শন করে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা
* ১০০% গ্রাহকের বিলিং নিশ্চিত করা
* মিটার সংযোগ পরীক্ষা করা ও ১০০% মিটার সিলিং নিশ্চিত করা
* অবৈধ বিদ্যুৎ ব্যবহার নিরুৎসাহিত করার লক্ষ্যে মিডিয়াতে জনসচেতনামূলক প্রচারনা চালানো
* অবৈধ বিদ্যুৎ ব্যবহারে নিরুৎসাহিত করার লক্ষ্যে জনসচেতনামূলক গণ প্রচারনা চালানো (মাইকিং করা, লিফলেট বিতরণ ইত্যাদি)

(গ) প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহীত পদ্ধতির বিস্তারিত বিবরণ ঃ

(১) শ্রেণী-এ (আবাসিক) ঃ

আবাসিক শ্রেণীর গ্রাহকের বিদ্যুৎ Consumption ডেসকো'তে সর্বাধিক যা শতকরা প্রায় ৫০.৭৬ ভাগ। সর্বশেষ সেপ্টেম্বর-২০১৫ইং এ বিদ্যুতের মূল্য হার বৃদ্ধির সময় বাল্ক ট্যারিফ বৃদ্ধি করা হয়েছে ৮.৭৯%। কিন্তু বিদ্যুৎ বিতরণের ক্ষেত্রে ডেসকো'র খুচরা বিদ্যুৎ মূল্য হার বৃদ্ধি করা হয়েছে মাত্র ২.৯৩%। আবাসিক গ্রাহকের মধ্যে নিম্ন আয়ের মানুষের সুবিধার্থে ০-৫০ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে ডেসকো বিদ্যুৎ এর মূল্যহার বৃদ্ধির কোন প্রস্তাব করছে না। ০-৭৫ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্যহার ৫.৫৩% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ৭৬-২০০ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্যহার ৫.৬৪% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ২০১-৩০০ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্যহার ৫.৬০% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ৩০১-৪০০ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্যহার ৫.৬৮% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ৪০১-৬০০ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্যহার ৫.৬৩% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে এবং ৬০০ কিলোওয়াট-ঘন্টার বেশি ব্যবহারকারী গ্রাহকদের ক্ষেত্রে ৫.৬১% হারে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ফলে আবাসিক শ্রেণীর গ্রাহকদের বিপরীতে বিদ্যুৎ এর মূল্যহার গড়ে ৫.৮৫% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেনীর গ্রাহকের ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখার প্রস্তাব করা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে পূর্বের ন্যায় এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

(২) শ্রেণী-বি (কৃষিকাজে ব্যবহৃত পাম্প) ঃ

বর্তমান সরকারের কৃষিখাতের অর্জিত অভূতপূর্ব সাফল্য অব্যাহত রাখতে ডেসকো এই শ্রেণীতে মূল্যহার বৃদ্ধির কোন প্রস্তাব করছে না।

(৩) শ্রেণী-সি (ক্ষুদ্র শিল্প) ঃ

ক্ষুদ্র শিল্প শ্রেণীর গ্রাহকের বিদ্যুৎ Consumption শতকরা প্রায় ২.২৬ ভাগ। এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার গড়ে ৬.৯০% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

(৪) শ্রেণী-ডি (অনাবাসিক) ঃ

এই শ্রেণীর মূল্যহার হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয়, ক্লাব, সমিতি ইত্যাদির জন্য প্রযোজ্য। এখানে উল্লেখ্য যে বর্তমানে বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা ও কিন্ডার গার্ডেন বাণিজ্যিকভাবে পরিচালিত হয়ে আর্থিক দিক দিয়ে লাভবান হচ্ছে। তাই এই শ্রেণীতে ৫.৩৬% মূল্য বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

(৫) শ্রেণী-ই (বানিজ্যিক) ঃ

বাণিজ্যিক শ্রেণীর গ্রাহকের বিদ্যুৎ Consumption শতকরা প্রায় ১১.৩০ ভাগ। এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার গড়ে ৬.৭৪% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সাম্প্রতিককালে বানিজ্যিক প্রতিষ্ঠানগুলো যে হারে তাদের পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধি করছে তার তুলনায় অনেক কম হারে এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল ধার্য্য করার প্রস্তাব করা হয়েছে।

(৬) শ্রেণী-এফ (মধ্যম চাপ) ঃ

এফ-শ্রেণীর গ্রাহকের বিদ্যুৎ Consumption শতকরা প্রায় ৩২.৯৪ ভাগ। এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার গড়ে ৭.১২% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহক সাধারণত উচ্চবিত্ত এবং বিভিন্ন রকম বিলাসী যন্ত্রপাতি (যেমন, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, গিজার, ফ্রিজ ইত্যাদি) ব্যবহারকারী আবাসিক গ্রাহক কিংবা বড় বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠান। এই শ্রেণীর গ্রাহকদের বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী করার লক্ষ্যে মূল্যহার অধিক হারে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের

ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

(৭) শ্রেণী-এইচ (৩৩ কেভি) ঃ

এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার গড়ে ৭.১৭% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। অন্যান্য শ্রেণীর বিদ্যুতের মূল্যের সাথে সামঞ্জস্য রেখে এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল আদায়ের স্বার্থে নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

(৮) শ্রেণী-আই (৩৩ কেভি) ঃ

এই শ্রেণীর মূল্যহার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের মূল্যের অনুরূপ করার প্রস্তাব করা হয়েছে। তবে এনার্জি চার্জ এর নিমিত্ত বিদ্যুতের ব্যবহার নির্ধারণ কালে ট্রান্সফরমার লস হিসেবে ২.৫% (আড়াই শতাংশ) হারে অতিরিক্ত এনার্জি (ইউনিট) হিসাবভূক্ত হবে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে এককালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল রাখা হয়েছে।

(৯) শ্রেণী-জে (রাস্তার বাতি ও পানির পাম্প) ঃ

এই শ্রেণীর বিদ্যুতের মূল্যহার গড়ে ৬.৬৯% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।অপরাপর শ্রেণীর বিদ্যুৎ এর মূল্য বৃদ্ধি ও বিভিন্ন অত্যাবশ্যকীয় পণ্যের মূল্য বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে এই শ্রেণীর মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এই শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রেও ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে। নির্ধারিত তারিখের পর বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে একাকালীন ৫% (পাঁচ শতাংশ) হারে সারচার্জ/বিলম্ব মাশুল বহাল রাখা হয়েছে।

বিঃ দ্রঃ প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণের বিস্তারিত বিবরণ ছক আকারে সংযুক্তি-০১, পাতা নং - ১৪ এ দেখানো হলো।

(ঘ) ট্যারিফ পরিবর্তনের প্রভাব (Impact) বিশ্লেষণসহ ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ঃ

